

চিঠি

সৌরভ

এবার সন্ধ্যা

শেষ আর্ত লালটুকু চিল হয়ে

ঘুরে ঘুরে, ঘুরে ঘুরে বিবর্ণ

হা-ঘরে।

চেতকের ঘনায় কাল, এবার প্রতাপ

আরো কতদূর রুটিগড়া হাতের সন্ধানে

পেছনে যদিও শত্রু সৈন্য

তবুও রুটির তৃষ্ণা, একটু জল

আর একটা চিঠির জন্য

ওপার ওপার বহুদূর সেই স্বর

টিপছোঁয়া গোপন গান --

নিঃস্ব কণ্ঠ হতে পারি।

বন্ধুরা সবাই গেছে যুদ্ধে

(আকাশ থেকে মানুষ দেখা যায় না)

তারা কেউ কেউ আমাকে

চিনিয়েছিল ঘাসের শীসের স্বাদ

কারো কারো নাম ছিল প্রতাপ অথবা আকবর

অথবা সেই রাজুটা

যে আমাদের বেবিকে ফুল দিয়েছিল

অনেক দূরের চোখচাপা অভিমান

বৃষ্টি হয়ে ধুয়ে দেয়

ইতিহাসের হাজার পাতা

আর টাইগ্ৰিসের এপারে ওপারে

তারা সন্ধ্যাবেলায়